সেপ্টেম্বর/২০২৩ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদ, দাকোপের ৫০ তম উন্নয়ন সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি : মুনসুর আলী খান, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দাকোপ, খুলনা।
স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন।
তারিখ : ২৬/০৯/২০২৩ খ্রিঃ।
সময় : ১০ : ০০ টা।

উপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট 'ক'
অনুপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট 'খ'

সভার শুরুতে উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অত:পর উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনার আহবান করা হয়। তিনি পরিষদের সকল সদস্যদের শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে আগস্ট/২০২৩ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। অত:পর দপ্তর ভিত্তিক বিভিন্ন আলোচনা ও নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র:নং | দপ্তরের নাম | দপ্তর ভিত্তিক আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১. | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, দাকোপ স্বাস্থ্য কমপ্লেক্সে মুলত ৫০ শয্যা বিশিষ্ট। হাসপাতালে ১০০ থেকে ১১০ জন রোগী প্রতিনিয়ত ভর্তি থাকে। যা প্রয়োজনের তুলনায় তা খুবই কম। সেবার মান বাড়াতে হলে হাসপাতালে বেডের সংখ্যা বাড়ানো জরুরী। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। | আলোচ্য বিষয়টি সমাধানের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও উপজেলা প্রকৌশলী। |
| | | সারা দেশে ডেঙ্গু মশার বিস্তার ঘটেছে। অনাকাঙ্খিত ভাবে ডেঙ্গু জ্বরের রোগী বেড়ে চলেছে। এ বিষয়ে জন সচেতনতা বৃদ্ধি এবং মশা নিধন প্রক্রিয়া চলমান রাখার জন্য মেয়র, চালনা পৌরসভার দৃষ্টি আকর্ষণ করা হয়। | আলোচ্য বিষয়ে কার্যকরি পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা। |
| ২. | উপজেলা কৃষি কর্মকর্তার কার্যালয়। | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, প্রণোদনা কর্মসূচীর আওতায় বিভিন্ন ফসলী জমির প্রায় ১,৪৮৫ বিঘা জমিতে বিনা মূল্যে সার বিতরণ করা হয়েছে। ৩০০ বিঘা জমিতে পেয়াজের বীজ ও ১০০ বিঘা জমিতে সূর্যমূখীর বীজ কৃষকদের মাঝে সরবরাহ করা হয়েছে। কৃষকদের উৎপাদিত পন্য নিরাপদে পরিবহণের ব্যবস্থাসহ সারের ন্যায্য মূল্য নিশ্চিত করণে মোবাইল কোর্ট কার্যক্রম পরিচালনার আহবান জানান। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | আলোচ্য বিষয়ে কার্যকরি পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল। |
| ৩. | উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, ইলিশ আহরণে বিরত থাকা জেলেদের জনপ্রতি ২৫ কেজি হারে দাকোপ উপজেলার মোট ১,০০০ জন জেলের জন্য ২৫.০০ মে:টন চাল বরাদ্দ পাওয়া গেছে। আগামী ০৮/১০/২০২৩ খ্রি: তারিখের মধ্যে উক্ত চাল বিতরণের নির্দেশনা আছে। সরকার আগামী ১২ অক্টোবর/২০২৩ হতে ০২ নভেম্বর/২০২৩ পর্যন্ত মোট ২২ দিন ইলিশের নিরাপদ প্রজনন সময়কালে | ইলিশ প্রজনন সময়ে নদীতে মোবাইল কোর্ট/ অভিযান কার্যক্রম অব্যাহত রাখাসহ আলোচ্য বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের লক্ষ্যে সকলকে | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | সমগ্রদেশে ইলিশ মাছ আহরণ, পরিবহণ, বিক্রয়, বিনিময়, মজুদ ও বাজারজাত করণ নিষিদ্ধ করেছেন। এ নির্দেশনাটি যথাযথ মেনে চলার জন্য সকলকে বিনীত অনুরোধ জানান। | একযোগে কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | উপজেলা টাস্কফোর্স কমিমিটির আলোচনা সভা আহবান করা হয়েছে। প্রচার, ব্যানার, মাইকিং, লিফলেট বিতরণ, জেলেদের সাথে সচেতনতা মূলক আলোচনা করাসহ সার্বক্ষনিক সকল বাহিনীর সমন্বয়ে মোবাইল কোর্ট চলমান রাখা হবে। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | আলোচ্য বিষয় বাস্তবায়নের লক্ষ্যে কার্যকরি পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ৪. | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সেপ্টেম্বর/২০২৩ মাসে তার দপ্তরের অগ্রগতি তুলে ধরে বলেন, দাকোপ উপজেলা সক্ষম দম্পত্তি ৩২,৪৩৩ জন, গ্রহণকারী ২৫,৯১৮ জন এবং সিএআর ৭৯,৯১%। চলতি মাসে ইমপ্লান্ট ৭৫ জন, আইইউডি ১৪ জন, স্থায়ী ৩ জন, গর্ভবতী সেবা ২০৯ জন, গর্ভোত্তর সেবা ৪৩ জন, সাধারণ রোগী সেবা ১,০৭৮ জন, এছাড়া এ মাসে জন্ম ১৪০ জন এবং মৃত্যু ৪৬ জন। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | আলোচ্য বিষয়ে মনিটরিং ও কাজের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা। |
| ৫. | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তার কার্যালয়। | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা সেপ্টেম্বর/২০২৩ মাসে তার দপ্তরের অগ্রগতি তুলে ধরে বলেন, সরকারীভাবে হিমায়িত সিমেন দ্বারা ২৫০ মাত্রা। গবাদী পশুর টিকা প্রদান ৯৬০ মাত্রা। হাঁস-মুরগী টিকা প্রদান ৬৯,০০০ মাত্রা। গবাদী পশুর চিকিৎসা প্রদান ১,৮৮০ টি। হাঁস-মুরগী চিকিৎসা প্রদান ১১,১৯০ টি। রাজস্ব আয় হয়েছে কৃত্রিম প্রজনন বাবদ ১৮,৭৫০/- টাকা এবং টিকা বীজ বাবদ ৪২,৭৫০/- টাকা । অন্যান্য ১,০০০/- টাকা। এছাড়া কাঁকড়াবুনিয়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ে প্রতিদিন ২২২ জন ছাত্র-ছাত্রীর মধ্যে ২০০ মিলি করে বিনা মূল্যে দুধ খাওয়ানো কার্যক্রম চলমান আছে। এছাড়া পিপিআর রোগ নির্মূল ও ক্ষুরা রোগ নিয়ন্ত্রণ প্রকল্পের আওতায় দাকোপ উপজেলায় সকল ছাগল ও ভেড়াকে বিনামূল্যে পিপিআর রোগের টিকা প্রদান ৪৯২ মাত্রা। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | আলোচ্য বিষয়ে কার্যকরি পদক্ষেপ গ্রহণসহ মাঠ পর্যায়ে সেবা প্রদানের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা। |
| ৬. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ১ম পর্যায়ের গ্রামীণ অবকাঠামো সংস্কার কাবিখা (নগদ অর্থ/ চাল/গম) এর বরাদ্দ পাওয়া গেছে এবং ১ম পর্যায়ের গ্রামীণ অবকাঠামো রক্ষণা বেক্ষণ (টিআর) এর নগদ অর্থ বরাদ্দ পাওয়া গেছে। এ সকল বরাদ্দের অনুকূলে তালিকা অনুমোদনের জন্য জেলা কর্ণধার কমিটিতে প্রেরণ করা হয়েছে। | আলোচ্য বিষয়ে কার্যকরি পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | অনুমোদন প্রাপ্তি সাপেক্ষে দ্রুত কাজ শুরু করা হবে। | | |
| ৭. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, ৩০ সেপ্টেম্বর/২০২৩ কন্যা শিশু দিবস উদযাপন করা হবে। দিবসটি উদযাপনের লক্ষ্যে সকলের সার্বিক সহযোগিতা কামনা করা হয়। সেপ্টেম্বর/২০২৩ মসের ভিডাব্লিউবি খাদ্যের চাহিদাপত্র সকল ইউনিয়নে পাঠানো হয়েছে। মা ও শিশু সহায়তা কর্মসূচীর আওতায় চালনা পৌরসভা ও ৯টি ইউনিয়নের ৬৭ জন উপকারভোগীর ডাটাবেজ সম্পন্ন হয়েছে। পানখালী মমতাজ স্কুলে স্কুল সমাবেশ ও উঠান বৈঠক এবং বানিশান্তা ইউনিয়নের উত্তর বানিশান্তায় উঠান বৈঠক করা হয়। কিশোর কিশোরী ক্লাবের কার্যক্রম চলমান আছে। অন্যান্য কার্যক্রম যথারিতি চলছে। | বাল্য বিবাহ প্রতিরোধে সার্বক্ষনিক সজাগ দৃষ্টিসহ দপ্তরের অন্যান্য বিষয়ে কাজের ধারা অব্যহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল। |
| ৮. | উপজেলা সমাজসেবা কার্যালয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা, প্রতিবন্ধী ভাতা, বেদে জনগোষ্ঠীর বিশেষ ভাতা, অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষ ভাতা, প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি, বেদে শিক্ষার্থীদের শিক্ষা উপবৃত্তি, অনগ্রসর জনগোষ্ঠীর শিক্ষা উপবৃত্তির ২০২৩-২৪ অর্থ বছরের ১ম কিস্তির পেরোল প্রেরণ করা হয়েছে। দপ্তরের অন্যান্য কার্যক্রম যথারিতি চলছে। | আলোচ্য বিষয়ে কার্যকরি পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা। |
| ৯. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণের আওতায় ১৪টি ব্যাচের প্রশিক্ষণের অনুমোদন পাওয়া গেছে। নির্ধারিত সময় থেকে প্রশিক্ষণের কার্যক্রম শুরু হবে। প্রশিক্ষণ গ্রহণকারীদের সুবিধার লক্ষ্যে কোনো এলাকায় ১৮ থেকে ৩৫ বছর বয়স্ক বেকার যুব ও যুব মহিলা ৩০ জনের ব্যাচ প্রস্তুত হলে সে এলাকার কাছাছি সুবিধাজনক স্থানে প্রশিক্ষণ দেয়া হবে। এছাড়া খুলনা জেলা কার্যালয়ে দীর্ঘ মেয়াদী প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে।<br><br>অক্টোবর/২০২৩ মাসে বায়ো গ্যাস প্লান্ট স্থাপনের জন্য ২০ জনের ১টি ব্যাচের প্রশিক্ষনের লক্ষমাত্রা রয়েছে। যাদের ৪ থেকে ৫টি গরু আছে এমন আগ্রহী ব্যক্তি এবং বয়স ১৮ থেকে ৩৫ বছর । শুধু মাত্র তারাই আবেদন করতে পারবে। | আলোচ্য বিষয়ে কার্যকরি পদক্ষেপ গ্রহণসহ সকল ব্যাচের প্রশিক্ষণ শুরু করার পূর্বে উপজেলা পরিষদকে অবগত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা। |
| ১০. | উপজেলা শিক্ষা কর্মকর্তার কার্যালয়। | তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | উপজেলা শিক্ষা কর্মকর্তা। |
| ১১. | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার কার্যালয়। | তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১২. | উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশণ। | তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন কর্মকর্তা। |
| ১৩. | উপজেলা সমবায় কর্মকর্তার কার্যালয়। | তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | উপজেলা সমবায় কর্মকর্তা। |
| ১৪. | উপজেলা বন কর্মকর্তার কার্যালয়। | তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | উপজেলা বন কর্মকর্তা। |
| ১৫. | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর। | তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | উপ-সহকারি প্রকৌশলী, জনস্বাস্থ্য বিভাগ। |
| ১৬. | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তার কার্যালয়। | তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা। |
| ১৭. | পল্লী সঞ্চয় ব্যাংক। | তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক। |
| ১৮. | ১ নং পানখালী ইউনিয়ন পরিষদ। | চেয়ারম্যান ১ নং পানখালী ইউপি জানান যে, তার ইউনিয়নের কাটাবুনিয়া গ্রামে একটি কালভার্ট ভেঙ্গে যাওয়ায় মানুষ চলাচল করতে পারছেনা। স্থানীয়রা খেজুর গাছ দিয়ে পার হচ্ছে। জরুরীভাবে উক্ত স্থানে নতুন কালভার্ট নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। | আলোচ্য বিষয়ে সরেজমিন পরিদর্শন পূর্বক বিধিগত ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান। |
| | | ইতোপূর্বে একাধিক মাসিক মিটিং এ একই আলোচনার পুনরাবৃত্তি করে বলেন, পানখালী ইউনিয়নের অনেক জনগুরুত্বপূর্ণ রাস্তার উপর গবাদী পশু বেঁধে রাখা, গবাদী পশুর মল শুকানো, ইট, বালু, ইটের খোয়া রাখাসহ ঘেরা বেঁড়া দিয়ে কৃষি সব্জি চাষাবাদ করছে। মটর সাইকেলসহ অন্যান্য যাবাহন চলাচলে ঝুকিপূর্ণ অবস্থা বিরাজ করছে। যেকনো সময়ে দুর্ঘটণা ঘটার সম্ভাবনা রয়েছে। এছাড়া বৌমার গাছতলার নিচে শ্রী শ্রী জগন্নাথ মন্দিরের সামনে জনগুরুত্বপূর্ণ রাস্তার উপর রথযাত্রার বড় গাড়ীটি অন্যত্র সরিয়ে রাখার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোদ জানান। | সচেতনতা বৃদ্ধির লক্ষে জনসাধারণের মাঝে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণসহ সংশ্লিষ্টদের বিরুদ্ধে বিধিগত ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গ্রহীত হয়। | ইউপি চেয়ারম্যান (সকল)। |
| | | সহকারী কমিশিনার (ভূমি) দাকোপ, খুলনার দৃষ্টি আকর্ষণ পূর্বক বলেন, সরকারী খাস খালগুলো ডিসিআর দেয়ার সময়ে সার্ভেয়ার দ্বারা পরিমাপ করে লাল পাতাকা দিয়ে সিমানা নির্ধারণ করার অনুরোধ জানান। | | সহকারী কমিশিনার (ভূমি) ও সার্ভেয়ার। |
| ১৯. | চেয়ারম্যান ২ নং দাকোপ | চেয়ারম্যান ২ নং দাকোপ ইউপি জানান যে, দাকোপ ইউনিয়নের ডেন্ডারকৃত যে সকল রাস্তার | আলোচ্য বিষয়টি সরেজমিন পরিদর্শন | উপজেলা প্রকৌশলী। |

| | | | | |
|---|---|---|---|---|
| | ইউপি। | কাজ সমাপ্ত না করে সংশ্লিষ্ট ঠিকাদারগন দীর্ঘদিন যাবৎ একাধিক রাস্তার কাজ ফেলে রেখেছে। যে কারণে ছাত্র/ছাত্রীসহ সাধারণ মানুষ চলাচলে সমস্যা হচ্ছে। এ সকল রাস্তার কাজ দ্রুত সমাপ্ত করার বিষয়ে প্রয়োজনীয়/বিধিগত পদক্ষেপ গ্রহণের অনুরোধ জানান। | পূর্বক বিধিগত ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ও সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান। |
| | | দাকোপ উপজেলার সরকারী প্রাথমিক বিদ্যালয় গুলোতে মানসম্মত শিক্ষা হচ্ছে না। সরেজমিন পরিদর্শন পূর্বক এ বিষয়ে প্রয়োজনীয় ও গ্রহণযোগ্য পদক্ষেপ গ্রহণে উপজেলা শিক্ষা কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করা হয়। | এ বিষয়ে মাঠ পর্যায়ে পরিদর্শন পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা। |
| ২০. | চেয়ারম্যান ৩ নং লাউডোব ইউপি। | চেয়ারম্যান ৩ নং লাউডোব ইউপি জানান যে, উপজেলা পরিষদের উন্নয়ন সমন্বয় সভাসহ বিভিন্ন জিও/এনজিও মিটিং উপজেলা পরিষদের হল রুমে অনুষ্ঠিত হয়। হলরুমটি মেরামতের ব্যবস্থা গ্রহণ এবং তার ইউনিয়ন পরিষদ ভবন মেরামতের প্রাক্কলন প্রস্তুত পূর্বক প্রধান প্রকৌশলীর কার্যালয়ে প্রেরণে এবং এডিপির সকল প্রকল্প দ্রুত বাস্তবায়নের বিষয়ে উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করা হয়। | আলোচ্য বিষয়ে কার্যকরি পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী। |
| | | নোটিশে উল্লেখিত সময়ে উপজেলা পরিষদের উন্নয়ন সমন্বয় সভা আরম্ভ করা, সকল সদস্যদের বিশেষ করে ১৭ টি দপ্তরের দপ্তর প্রধানসহ সংশ্লিষ্ট সকলকে সভায় উপস্থিত থেকে মিটিং এর পূর্ণতা আনাসহ সকল সদস্যদের আসন বিন্নাসের বিষয়ে টেবিল নেমপ্লেট রাখার অনুরোধ জানান। | আলোচ্য বিষয়টি যথাযথ বাস্তবায়নে প্রয়োজনীয় ও বিধিগত ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও সংশ্লিষ্ট সকল। |
| | | উপজেলা পরিষদের জায়গা দখল নিয়ে যে সমস্যা তৈরী হয়েছে তা সমাধানের জন্য অক্টোবর/২০২২ মাসে একটি কমিটি গঠন করা হয়। গঠিত কমিটি পরিষদের জায়গা পরিমাপ পূর্বক সিমানা পিলার স্থাপন করবে মর্মে সিদ্ধান্ত হয়। এছাড়া সিমানা নির্ধারণের জটিলতা নিরসনের লক্ষ্যে উপজেলা পরিষদের বাউন্ডারী ওয়াল নির্মাণ জরুরী। | আলোচ্য বিষয়ে গঠিত কমিটি কি ধরণের পদক্ষেপ গ্রহণ করেছেন তার প্রতিবেদন দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কমিটি। |
| | | বাজুয়া পল্লী স্বাস্থ্য কেন্দ্রে স্বাস্থ্য সেবার মান উন্নত রাখতে প্রতিদিন একজন ডাক্তারের ব্যবস্থাসহ হার্ট সমস্যা, কিডনি সমস্যা, ডায়বেটিস্ সমস্যা, লিভার সিরোসিস এবং ক্যান্সার প্রতিরোধে এবং জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সেমিনারের আয়োজনসহ চলমান মৌসুমে ডেঙ্গুর প্রভাব বিস্তার প্রতিরোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের অনুরোধ জানান। | আলোচ্য বিষয়ে কার্যকরি পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা। |
| | | বাল্য বিবাহ প্রতিরোধে আরও কার্যকর পদক্ষেপ গ্রহণসহ রেজি: সেচ্ছাসেবক ক্লাব এর কার্যক্রম শুরু | | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | করার প্রস্তাব করেন। | | |
| ২১. | চেয়ারম্যান ৫ নং সুতারখালী ইউপি। | চেয়ারম্যান ৫ নং সুতারখালী ইউপি জানান যে, তার ইউনিয়নে এলজিইডি এর একটি রাস্তা যা জিয়াউল ট্রেডার্স ঠিকাদারি প্রতিষ্ঠানের নামে কাজ বাস্তবায়নের শুরু হয়, কিন্তু দীর্ঘ ৪ বছর যাবৎ সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কাজ শেষ না করে ফেলে রেখেছে। যে কারণে জনসাধাণের চলাচলের সমস্যা হচ্ছে। জরুরীভাবে উক্ত রাস্তার প্রাক্কলন মোতাকেব কাজ বাস্তবায়নসহ সংশ্লিষ্ট ঠিকাদারের বিরুদ্ধে বিধিগত ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। | আলোচ্য বিষয়টি সরেজমিন পরিদর্শন পূর্বক বিধিগত ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী। ও সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান। |
| | | এছাড়া তার ইউনিয়নে যে সমস্ত এলাকায় নদী ভাঙ্গনে ঝুকিতে ছিলো বর্তমানে বর্ষা মৌসুমে সে সকল স্থানে ভাঙ্গন বৃদ্ধি পেয়েছে। নদী ভাঙ্গন রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ হিন্দু ধর্মের দূর্গা পূজা উদযাপনে যাতে কোন সমস্যা না হয় সেদিকে আইন-শৃঙ্খলা বাহিনী, আনসার বাহিনী, গ্রাম পুলিশসহ সকল জনপ্রতিনিধিদেদের সজাগ দৃষ্টি রাখার আহবান জানানা। | আলোচ্য বিষয় কার্যকরি পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইনচার্জ, উপজেলা আনসার ভিডিপি কর্মর্তা, গ্রাম শুলিশসহ সংশ্লিষ্ট সকল। |
| ২২. | চেয়ারম্যান ৬ নং কামারখোলা ইউপি। | চেয়ারম্যান ৬ নং কামারখোলা ইউপি সভায় জানান যে, আগামী দূর্গাপুজা উৎযাপনের জন্য সকলের সহযোগিতা প্রয়োজন। সন্ধা আরতী, উলুদ্ধনী, সঙ্খ ধ্বনী সর্বপরি পূজার সাথে সংশ্লিষ্ট সকল অনুষ্টানসহ নৌকা বাইচ এর আয়োজন করা হবে। সে লক্ষে আইন-শৃঙ্খলা বাহিনী, আনসার বাহিনী, গ্রাম পুলিশ ও জনপ্রতিনিধিদের সজাগ দৃষ্টি রাখার আহবান জনানা। | আলোচ্য বিষয়টি যথাযোগ্য পালনের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলে সহযোগিতা করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অপিসার, ইউপি চেয়ারম্যান ও সংশ্লিষ্ট সকল। |
| | | মাননীয় প্রধান মন্ত্রী কর্তৃক ভূমিহীন ও গৃহহীনদের জন্য আশ্রয়ন প্রকল্পের আওতায় তার ইউনিয়নে ৪২ টি ঘর বরাদ্দ দেয়া হয়। উক্ত বরাদ্দের ১৫ থেকে ১৬ টি ঘরে কোনো পরিবার আদৌ থাকেনা। এগুলোর নতুন তালিকা করে প্রকৃত ভূমিহীনদের মাঝে বন্টন করার অনুরোধ জানান। | আলোচ্য বিষয়টি সরেজমিন পরিদর্শণ পূর্বক বিধিগত/ ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত. গৃহীত হয়। | উপজেলা পকল্প বাস্তবায়ন কর্মকর্তা। |
| | | তার ইউনিয়নের সাপ্তাহিক হাট যা কালিনগর হাট নামে পরিচিত। উক্ত হাটটির রাস্তা নিচু, পর্যাপ্ত ড্রেনেজ ব্যবস্থা নেই। সে কারণে বাজারটি উন্নয়নের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের অনুরোধ জানান। | আলোচ্য বিষয় কার্যকরী পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী। |
| | | তার ইউনিয়নে লজিক প্রকল্পের আওতায় ২০২২-২০২৩ অর্থ বছরে দক্ষিণ কামারখোলা সরকারী প্রাথমিক বিদ্যালয়ে সুপেয় পানির ট্যাংক স্থাপনের জন্য প্রস্তাবনা ছিলো কিন্তু উল্লেখিত স্থানে জায়গার স্বল্পতা ও ভবনের ছাদ দূর্বল থাকায় প্রকল্পের কাজটি অধিক জনবহুল স্থান হিসাবে কামারখোলা | আলোচ্য বিষয় দ্রুত বিধিগত/কার্যকরি পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, ইউপি চেয়ারম্যান ও সংশ্লিষ্ট |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ইউনিয়ন পরিষদ সংলগ্ন মাঠে স্থাপনের জন্য ইতিমধ্যে কামারখোলা ইউনিয়ন পরিষদের মাসিক সভায় রেজুলেশনসহ সিদ্ধান্ত গৃহীত হয়েছে। উক্ত প্রকল্পটির কার্যক্রম দ্রুত বাস্তবায়নের জন্য অনুরোধ জানান। | | সকল। |
| ২৩. | চেয়ারম্যান ৭ নং তিলডাঙ্গা ইউপি। | ৭ নং তিলডাঙ্গা ইউনিয়নের প্যানেল চেয়ারম্যান সভায় জানান যে, তার ইউনিয়নের বটবুনিয়া বাজারসহ একাধিক জায়গায় জোয়ারের সময় পানি রাস্তার উপর দিয়ে প্রবাহিত হচ্ছে। দোকানপাটসহ রাস্তার পাশে বাড়ীঘর গুলো খুবই ঝুকিপূর্ণ অবস্থায় আছে। জরুরীভাবে ভাঙ্গন প্রতিরোধ না করলে বড় ধরণের ক্ষতি হওয়ার সম্ভাবনা রয়েছে।<br><br>এছাড়া তার ইউনিয়নের ২ নং ওয়ার্ডে মির্নাল ডাক্তারের বাড়ী হতে বিনয় কৃষ্ণ রায়ের বাড়ী অভিমুখে প্রায় ৩০০ ফুট ইটের রাস্তার অবস্থা খুবই খারাপ। রাস্তাটির মধ্যে একটি প্রাথমিক বিদ্যালয় অবস্থিত। জরুরীভাবে রাস্তাটি সংস্কারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানানা। | আলোচ্য বিষয়টি জরুরী সমাধানের লক্ষ্যে কার্যকরি পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>আলোচ্য বিষয়টি সরেজমিন পরিদর্শণ পূর্বক বিধিগত/ ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | পানি উন্নয়ন বোর্ড, খুলনা, উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান।<br><br>উপজেলা প্রকৌশলী। |
| ২৪. | চেয়ারম্যান ৮ নং বাজুয়া ইউপি। | চেয়ারম্যান ৮ নং বাজুয়া ইউপি জানান যে, তার ইউনিয়ন পরিষদের পুরাতন জরাজীর্ণ ভবনটি অপসারনসহ ত্রিমোহনী মন্দির (কচা) হতে পূর্ব বাজুয়া পর্যন্ত ও ভাইজুড়ি ব্রীজ হতে বাজুয়া রায় পাড়া পর্যন্ত পিচের রাস্তার কাজ দ্রুত শুরু করার জন্য অনুরোধ জানান।<br><br>বাজুয়া ইউনিয়ন পরিষদের দখলীয় ০.৮২ শতক জমির মধ্যে ০.৫০ শতক জমি দাকোপ বহুমূখি সমবায় সমিতির নামে রেকর্ড হয়েছে। বিষয়টি সমাধানের পদক্ষেপসহ চুনকুড়ি বাঁধ (৬ নং ওয়ার্ড) হতে চড়ার বাধঁ প্রর্যন্ত রাস্তা দখলমুক্ত করার জন্য দ্রুত আইনগত ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান।<br><br>বাজুয়া ইউনিয়নের ২নং ওয়ার্ডের বেড়েরখাল কমিউনিটি ক্লিনিকটি এবং চুনকুড়ী কমিউনিটি ক্লিনিক দ্রুত সংস্কারসহ বাজুয়া ইউনিয়নে সকল মাটির রাস্তায় ফলবান বৃক্ষ রোপনের ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। | আলোচ্য বিষয়ে সরেজমিন পরিদর্শণ পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>আলোচ্য বিষয়টি সমাধানের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>আলোচ্য বিষয়ে সরেজমিন পরিদর্শন পূর্বক বিধিগত ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান।<br><br>উপজেলা নির্ববাহী অফিসার ও উপজেলা সমবায় কর্মকর্তা।<br><br>উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান। |
| ২৫. | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ। | জনাব গৌরপদ বাছাড়, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দাকোপ, খুলনা জানান যে, উপজেলা পরিষদ থেকে পৌরসভার ট্যাক্স এর টাকা পরিশোধ করা হয়। কিন্তু পরিষদের অভ্যান্তরের পরিস্কার পরিছন্নতাসহ পরিষদের রাস্তায় ল্যাম্পোস্ট এর লাইট স্থাপন, রাস্তা সংস্কার ও ড্রেনেজ ব্যবস্থার কোনো পদক্ষেপ গ্রহণ করেন না। এ বিষয়ে | আলোচ্য বিষয়টি জরুরীভাবে সমাধানের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও সংশ্লিষ্ট সকল। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | সমাধানের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। | | |
| | | সামনে সারদীয় উৎসব, বর্তমানে আইন-শৃঙ্খলা অবস্থা খুবই ভালো। পুজা উপলক্ষে অনাকাঙ্খিত কোনো ঘটনা যাতে না ঘটে সে লক্ষ্যে আইন-শৃঙ্খলা বাহিনী, আনসার বাহিনী, গ্রাম পুলিশ ও জনপ্রতিনিধিদের সজাগ দৃষ্টি রাখার আহবান জনানা। | আলোচ্য বিষয়ে সার্বক্ষনিক পুলিশ টহল জোরদারসহ সংশ্লিষ্ট সকলে সজাগ দৃষ্টি রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইন-চার্জ দাকোপ থানা ও সংশ্লিষ্ট সকল |
| | | ইলিশ আহরণে বিরত থাকা জেলে পরিবারকে মানবিক সহায়তা কর্মসূচীর আওতায় ভিজিএফ (চাল) নির্ধারিত সময়ের মধ্যে বিতরণ করা এবং উপজেলা পরিষদের লেক থেকে যে আয় হয় তা পরিষদের রাজস্ব তহবিলে রাখা হয়। প্রতিবছর মৎস্য দপ্তরসহ অন্য যে সমস্ত খাত থেকে উপজেলা পরিষদের লেকে মাছ ছাড়া হয় এ বিষয়ে আরও বরাদ্দ বৃদ্ধির অনুরোধ জানান। | আলোচ্য বিষয় কার্যকরি পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল। |
| ২৬. | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদের উন্নয়ন সমন্বয় সভায় কার্যপত্রসহ সকল সদস্যের উপস্থিতি নিশ্চিত করতে হবে। মিটিং এ উপস্থিতি অপারগতায় তাৎক্ষনিক চিঠি দিয়ে অবগত করতে হবে অন্যথায় সংশ্লিষ্টদের বিরুদ্ধে বিধিগত ব্যবস্থা গ্রহণ করা হবে। | কার্যবিবরণীর আলোকে সভায় গৃহীত সিদ্ধান্তের অগ্রগতিসহ কার্যপত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল। |
| | | পরিবেশের ভারসাম্য রক্ষায় দাকোপ উপজেলার সকল সরকারী রাস্তার ধারে ফাঁকা জায়গায় ১,০০,০০০/- (এক লক্ষ) তাল গাছ রোপনের বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন এবং এ বিষয়ে দ্রুত পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা কৃষি কর্মকর্তা ও উপজেলা বন কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করা হয়। | আলোচ্য বিষয়টি দ্রুত বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা ও উপজেলা বন কর্মকর্তা। |

২৭. উপজেলা প্রকৌশল দপ্তর: উপজেলা প্রকৌশলী জানান যে, উপজেলা শহরে (নন-মিউনিসিপ্যাল) মাস্টার প্লান প্রণয়ন ও মৌলিক অবকাঠামো উন্নয়ন প্রকল্প বরাদ্দ পাওয়া গেছে। উক্ত বরাদ্দের আলোকে নিম্নোক্ত ৪টি প্রকল্প গ্রহণ করা হয় এবং গৃহীত প্রকল্প কাজ বিধি মোতাবেক বাস্তবায়নের লক্ষ্যে প্রাক্কলন প্রস্তুত পূর্বক প্রকল্প পরিচালক, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরে প্রেরণের জন্য পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান।

ক. **A** কোড আইডি **2471722002** দাকোপ (চুনকুড়ি খেয়াঘাট) হতে নলিয়াল জিসি ভায়া কালিনগর জিসি সড়ক ইউনি বলক দ্বারা উন্নয়ন।
খ. **B** দাকোপ উপজেলা পরিষদ অভ্যন্তরিন সড়ক- দাকোপ উপজেলা জামে মসজিদ পাবলিক টয়লেট মোড় হতে কৃষি অফিস ভায়া উপজেলা পরিষদ নতুন বিল্ডিং সড়ক ইউনি বলক দ্বারা উন্নয়ন।
গ. **C** দাকোপ উপজেলা পানি শোধনাগার প্লান্ট হতে উপজেলা পরিষদ ভূমি অফিস ভায়া আবাসিক কোয়াটার সড়ক ইউনি বলক দ্বারা উন্নয়ন।
ঘ. ব্রীক ড্রেন প্রকল্প- দাকোপ (চুনকুড়ি খেয়াঘাট) হতে নলিয়াল জিসি ভায়া কালিনগর জিসি সড়কে কালিনগর বাজারে সাইড ব্রীক ড্রেন নির্মাণ।

সিদ্ধান্ত: উপজেলা প্রকৌশলী গৃহীত ৪টি প্রল্পের কাজ বাস্তবায়নের দ্রুত লক্ষ্যে প্রাক্কলন প্রস্তুত পূর্বক বিধিগত ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

২৮. উপজেলা প্রকৌশলী আরও জানান, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনটি মেইন সড়কের পার্শ্বে অবস্থিত বিধায় নিরাপত্তার স্বার্থে সীমানা প্রাচীর সম্প্রসারণ করা জরুরী। উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে প্রকল্পটি বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের অনুমোদনসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান।

সিদ্ধান্ত: উল্লেখিত প্রকল্পটি বাস্তবায়নের লক্ষ্যে প্রাক্কলন প্রস্তুত পূর্বক দাখিল করার জন্য যথাযথ কর্তৃপক্ষ্যে মাধ্যমে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে উপজেলা নিবার্হী অফিসার ও উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করা হয়।

সভাপতি; উপজেলা পরিষদের উন্নয়ন সমন্বয় সভা একটি গুরুত্বপূর্ণ সভা। উপজেলার সকল বিষয়ে এ সভার মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। উপজেলা পরিষদ উন্নয়ন সমন্বয় সভায় সকল দপ্তরের দপ্তর প্রধানসহ সংশ্লিষ্ট সকল সদস্যের উপস্থিতি নিশ্চিত পূর্বক গৃহীত সিদ্ধান্তের সঠিক বাস্তবায়নের বিষয়ে কার্যকরি পদক্ষেপ গ্রহণের পরামর্শ প্রদান করা হয়।

এছাড়া বিশেষ করে দাকোপ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে যে সমস্ত ডাক্তারগণ নিয়মিত রোগীদের সেবা প্রদান করছেন। তাদের সেবার মান বাড়ানোসহ রোগীদের সাথে নার্সদের সেবা মূলক আচরণ/ব্যবহারের বিষয়ে মনিটিরিং এবং সরকার নির্ধারিত সময়ে কর্মস্থলে উপস্থিতি নিশ্চিতসহ জরুরী বিভাগে সার্বক্ষনিক অভিজ্ঞ ডাক্তার দিয়ে সেবা প্রদানের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানানো হয়।

মুনসুর আলী খান
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, দাকোপ, খুলনা।
ও
সভাপতি
উপজেলা পরিষদ, উন্নয়ন সমন্বয় সভা
দাকোপ, খুলনা।

স্মারক নং- ৪৬.৪৪.৪৭১৭.০০৩.০৩.০০১.২৩. (৫০)

তারিখ ১১ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ
২৬ সেপ্টেম্বর ২০২৩ খ্রিঃ

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে।

১. মাননীয় জাতীয় সংসদ সদস্য ৯৯, খুলনা-১ ও হুইপ বাংলাদেশ জাতীয় সংসদ।
২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
৪. প্রধান প্রকৌশলী, এল জি ই ডি/ পানি উন্নয়ন বোর্ড/ সড়ক ও জনপথ বিভাগ/ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
৫. জেলা প্রশাসক, খুলনা।
৬. নির্বাহী প্রকৌশলী, এল জি ই ডি/ পানি উন্নয়ন বোর্ড/ সড়ক ও জনপথ বিভাগ/ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, খুলনা।
৭. সিনিয়র সহকারী সচিব, স্বরাষ্ট্র মন্ত্রনালয়, (রাজনৈতিক শাখা), বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. মেয়র, চালনা পৌরসভা, দাকোপ, খুলনা।
৯. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দাকোপ, খুলনা।
১০. ........................................................ সংশ্লিষ্ট অন্যান্য সকল, দাকোপ, খুলনা।

(জয়দেব চক্রবর্তী)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ, দাকোপ, খুলনা।
unodacope@mopa.gov.bd